

**AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin**

Date: 30.10.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের ৬' বিধানসভা আসনের উপনির্বাচনে আজ মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা শেষ হচ্ছে।

ভোটে কেন্দ্রীয় বাহিনী নিয়ে কোন অভিযোগ বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন জানিয়েছে।

২/ রাজ্য সরকার, আবাস যোজনা প্রকল্পের সুবিধা নিতে কেন্দ্রের সব শর্ত মানবে না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

৩/ প্রধানমন্ত্রী এরাজ্যে আযুশ্মান ভারত প্রকল্প চালু না হওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেছেন।

৪/ সরকারি হাসপাতালের সঙ্গে যুক্ত কোনো চিকিৎসক, বেসরকারি হাসপাতালে গিয়ে ‘স্বাস্থ্যসাথী’ প্রকল্পে চিকিৎসা বা অস্ত্রপচার করলে তাঁকে আগাম অনুমতি নিতে হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে।

৫/ RG Kar-এ নির্যাতিতা তরুণী PGT চিকিৎসকের খুন ও ধর্ষণের ন্যায় বিচারের দাবীতে পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স ফন্ট আজ ফের CGO অভিযানের ডাক দিয়েছে।

৬/ ভুটানের থিম্পুর চঙ্গলিমিথাঙ্গ স্টেডিয়ামে গতকাল এএফসি চ্যালেঞ্জ লীগে গ্রুপ পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল ৪-০ গোলে বাংলাদেশের বসুন্ধরা কিংসকে হারিয়ে দিয়েছে।

রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হচ্ছে। সিতাই, মাদারিহাট, নেহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা আসনে ৬২টি মনোনয়ন জমা পড়েছে। মোট প্রার্থী ৪৩ জন।

এদিকে, রাজ্য আসন্ন বিধানসভা উপনির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য কেন্দ্রীয় বাহিনীকে সর্বতোভাবে ব্যবহার করতে হবে এবং তা নিয়ে কোনোরকম অভিযোগ বরদাস্ত করা হবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। দেশের মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার গতকাল এক বিশেষ ভিডিও কনফারেন্সে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবকে এই মর্মে বার্তা দেন। আগামী ১৩ই নভেম্বর রাজ্যের ৬টি বিধানসভার উপনির্বাচন সহ ঝাড়খন্দে দু-দফায় ভোটের ৪৮ ঘণ্টা আগে থেকে বাংলা-ঝাড়খন্দ সীমানা সিল করে দেওয়া হবে। উপযুক্ত অনুমতি ছাড়া যানবাহন কিংবা সাধারণ মানুষ যাতায়াত করতে পারবে না বলেও কমিশন জানিয়েছে।

অন্যদিকে, রাজ্য জুড়ে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে আগামী ১২ই নভেম্বর। ডিসেম্বরের মাঝামাঝি পর্যন্ত এই কাজ চলবে বলে খবর। ভুয়ো ভোটার নিয়ে বিরোধী দলগুলির অভিযোগের ভিত্তিতে, কমিশন; বাড়ি বাড়ি গিয়ে তথ্য যাচাই করার উদ্যোগ নিচ্ছে। তবে, ৬ আসনের আগামী উপনির্বাচন পুরোনো তালিকার ভিত্তিতেই হবে।

রাজ্য সরকার, আবাস যোজনা প্রকল্পের সুবিধা নিতে কেন্দ্রের সব শর্ত মানবে না বলে জানা গেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল নবান্নে কৃষি ও পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী, সচিব ও আধিকারিকদের সঙ্গে বৈঠক করেন। বাড়ির একাংশ পাকা হলে উপভোক্তারা এই প্রকল্পের সুবিধা পাবেন না বলে কেন্দ্রের শর্ত থাকলেও রাজ্য এই প্রকল্পে সংশ্লিষ্টদের টাকা দেবে বলে মুখ্যমন্ত্রী বৈঠকে জানিয়েছেন।

উল্লেখ্য, এই প্রকল্পে কেন্দ্র বকেয়া অর্থ না মেটানোয় রাজ্য নিজের তহবিল থেকে প্রায় সাড়ে ১১ লক্ষ উপভোক্তাকে টাকা দিতে সমীক্ষার কাজ শুরু করে। আজ তা' শেষ হচ্ছে।

তবে, বিভিন্ন এলাকা থেকে এই সমীক্ষাকে নিয়ে জন বিক্ষেপের ছবি প্রকাশ্যে আসে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গোটা প্রকল্পে রাজ্য সরকার দুর্নীতি করছে বলে অভিযোগ করেছেন।

(বাইট- শুভেন্দু আবাস)

CPIM-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম বলেন, আবাস যোজনা-য় গৃহহীনদের ঘর পাওয়ার যে অধিকার রয়েছে, তা' সুনিশ্চিত করতে হবে। সাধারণ মানুষ কেন্দ্র-রাজ্যের বিভেদ বোধেন না বলেও উল্লেখ করেন তিনি।

(বাইট- সেলিম আবাস)

এদিকে, উপনির্বাচন হতে চলা তালডাংরায় নির্বাচন কমিশনের নির্দেশ সত্ত্বেও বিডিও আবাস সমীক্ষা চালিয়ে যাওয়ায় বিজেপি অভিযোগ জানিয়েছিল। তার প্রেক্ষিতে ২৪ ঘন্টার মধ্যে রিপোর্ট তলব করেছে কমিশন। জেলা নির্বাচনী আধিকারিককে অভিযোগ অনুসন্ধান করে রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। অন্যদিকে, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের যে অভিযোগ শাসক দল করেছিল, সেব্যাপারেও পূর্ণস্বরূপ রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, রাজ্যে আয়ুষ্মান ভারত প্রকল্প চালু না হওয়ায় রাজ্য সরকারের সমালোচনা করেছেন। শ্রী মোদী 'আয়ুর্বেদ দিবস' এবং ধৰ্মত্বের জয়ত্বে উপলক্ষে গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে নদীয়ার কল্যাণী এইমসে নতুন তিনটি পরিষেবার উদ্বোধন করে বলেন, ইচ্ছে থাকলেও রাজনৈতিক প্রতিবন্ধকতা প্রবীণ মানুষদের সেবায় বাধা হয়ে দাঁড়াচ্ছে। রাজনৈতিক স্বার্থে অসুস্থ মানুষদের কষ্টে রাখার প্রবণতার সমালোচনা করে শ্রী মোদী বলেন, এই কারণেই তিনি কারোর সেবা করতে পারছেন না। এজন্য তিনি রাজ্যের প্রবীণ মানুষদের কাছে ক্ষমাপ্রার্থী।

(বাইট- মোদী WB)

শ্রী মোদী গতকাল কল্যাণী এইমসে কার্ডিয়াক ক্যাথল্যাব, অত্যাধুনিক হার্ট লাং মেশিন ও প্রধানমন্ত্রী জন ঔষধি কেন্দ্রের উদ্বোধন করেন।

সরকারি হাসপাতালের সঙ্গে যুক্ত কোনো চিকিৎসক, বেসরকারি হাসপাতালে গিয়ে ‘স্বাস্থ্যসাথী’ প্রকল্পে চিকিৎসা বা অন্তর্পচার করলে তাঁকে আগাম অনুমতি নিতে হবে বলে রাজ্য সরকার সিদ্ধান্ত নিয়েছে। সরকারি চিকিৎসকরা বেসরকারি হাসপাতালে গিয়ে এই প্রকল্পে পরিষেবা দিতে পারেন না বলে নিয়ম থাকলেও, তাঁদের একাংশ অনেক বেসরকারি হাসপাতাল ও নার্সিংহোম কর্তৃপক্ষের সঙ্গে দীর্ঘমেয়াদি চুক্তি করেছেন বলে অভিযোগ। এর স্বাস্থ্য দণ্ডের প্রকল্পের টাকা ছাড়তে পারছে না। সমস্যা মেটাতেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

RG Kar-এ নির্যাতিতা তরুণী PGT চিকিৎসকের খুন ও ধর্ষণের ন্যায় বিচারের দাবীতে পশ্চিমবঙ্গ জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট আজ ফের CGO অভিযানের ডাক দিয়েছে। রাজ্য মেডিক্যাল কাউন্সিল থেকে শুরু হয়ে মশাল মিছিল যাবে CGO কমপ্লেক্স পর্যন্ত।

এদিকে, আন্দোলনের তীব্রতা বাড়াতে জয়েন্ট প্ল্যাটফর্ম ও ডক্টর্স-এর সঙ্গে নাগরিক সমাজের ৮০টি সংগঠন একজোট হয়ে তৈরী হয়েছে ‘অভয়া মঞ্চ’। তাঁরাও আজকের মিছিলে যোগ দেবেন।

এদিকে, ডাক্তারির লাইসেন্স বাতিলের আগে RG Kar-এ র প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষের বক্তব্য রাক্য মেডিক্যাল কাউন্সিলকে শুনতে হবে বলে কলকাতা হাইকোর্ট নির্দেশ দিয়েছে। সন্দীপ বর্তমানে জেলবন্দী থাকায় তাঁর স্ত্রী বক্তব্য পেশ করবেন। এরপরই লাইসেন্স বাতিলের সিদ্ধান্ত বিবেচনা করে দেখা হবে।

অন্যদিকে, RG Kar কান্ডের আবহে IMA-র কোন পদে না থাকার কথা জানালেও, ফের একবার সংস্থার রাজ্য সম্পাদক হিসেবে প্রার্থী হয়েছেন প্রাক্তন সাংসদ

চিকিৎসক শান্তনু সেন। অনেকের অনুরোধে তাঁর এই মত পরিবর্তন বলে শান্তনু জানিয়েছেন।

রাষ্ট্রীয় একতা দিবস উপলক্ষ্যে কলকাতার মিলিনিয়াম পার্ক থেকে সি আর অ্যাভেনিউ-এ সর্দার বল্লভ ভাই প্যাটেলের মূর্তি পর্যন্ত গতকাল ‘একতা দৌড়’-এর আয়োজন করা হয়। যোগ দেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর। সম্প্রতি বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ার যে কেন্দ্রীয় সিদ্ধান্ত, তাকে স্বাগত জানিয়ে মন্ত্রী বলেন, ভষার প্রসারে রাজ্য সরকারকে আরো নমনীয় হতে হবে।

(বাইট- শান্তনু ঠাকুর)

১৫ বছরের বেশি বয়সী গাড়ি বাতিলের সময়সীমা বাড়িয়ে কুড়ি বছর করার আবেদন নিয়ে বেসরকারি বাস মালিকেরা আদালতের দ্বারস্থ হওয়ার সিদ্ধান্ত নিয়েছে। খুব শীঘ্ৰই এ নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা করার সিদ্ধান্ত নিয়েছে বাস মালিক সংগঠন সিটি সাবারবান বাস সার্ভিসেস। সংগঠনের সাধারণ সম্পাদক টিটু সাহা জানিয়েছেন, বিষয়টি নিয়ে ইতিমধ্যেই তারা আইনজীবীদের সঙ্গে কথা বলেছেন। একই সঙ্গে বৃহত্তর কলকাতায় যে গাড়িগুলি বাতিল হবে সেগুলি যাতে দূরবর্তী জেলায় বিক্রি করা যায় তার জন্য সরকারের কাছে অনুমোদন চাইবেন তাঁরা। সংগঠনের এক অভ্যন্তরীণ বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে তিনি জানান। অন্যদিকে, পুলিশের বিরুদ্ধে হয়রানির অভিযোগ তুলে কলকাতা পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করতে চান বাস মালিকেরা। তাদের দাবি এনিয়ে একাধিকবার প্রতিশ্রুতি মিলগেও কাজের কাজ এখনো হয়নি।

আলুর দাম হঠাৎ বেড়ে যাওয়ায় মুখ্যসচিব মনোজ পন্থ গতকাল নবান্নে টাক্ষ ফোর্সের সঙ্গে বৈঠকে বসেন। নবান্ন সুত্রের খবর, কি কারণে আলুর দাম বাড়ল তা খতিয়ে দেখে দ্রুত প্রশাসনকে জানাতে হবে বলে টাক্ষ ফোর্সকে নির্দেশ দেন তিনি। কোনও

ভাবেই খুচরো বাজারে আলুর দাম বাড়ানো যাবে না বলে জানিয়ে এজন্য পাইকারি ব্যবসায়ীদের সঙ্গে আলোচনায় বসার কথা জানান। সুফল বাংলায় আরও বেশি পরিমাণে আলু বিক্রির নির্দেশও দেন তিনি। যদিও অন্যান্য সবজির দাম বাড়েনি বলেই টাঙ্ক ফোর্সের সদস্যরা বৈঠকে জানান।

উল্লেখ্য, এই মুভর্তে খুচরো আলু ৩৫ টাকা কিলো দরে বিক্রি হচ্ছে। পাইকারি দাম কেজি প্রতি ৩০ থেকে ৩২ টাকা। পাইকারি দর যাতে কমানো যায় তার ব্যবস্থা করতে বলা হয়েছে।

আজ ভূত চতুর্দশী। দীপাবলীর আগে চতুর্দশী তিথিতে বাঙালীর ঘরে ঘরে রয়েছে চোদ শাক খাওয়ার রেওয়াজ। সন্ধ্যায় পূর্ব পুরুষদের উদ্দেশ্যে জুলে উঠবে ১৪ বাতি। এদিকে, শ্যামাপুজার প্রস্তুতি এখন তুঙ্গে। ইতিমধ্যেই কলকাতা সহ গোটা বাঙলা সেজে উঠেছে আলোর মালায়। মন্ডপের পাশাপাশি প্রায় প্রতিটি বাড়িতে লাগানো হচ্ছে। জমে উঠেছে বাজী বাজার।

দক্ষিণ ২৪ পরগনার অন্যতম বাজির বাজার মহেশতলার চিংড়িপোতা এলাকা। এখানে বিভিন্ন বাড়িতে বছরভর বাজি তৈরী হয়। কয়েক হাজার মানুষের আয়ের অন্যতম উৎস বাজি তৈরী। চলতি বছরে সরকারি নির্দেশিকা মেনে সবুজ বাজি দেদার বিকোচে বলে আমাদের জেলা সংবাদদাতা জানিয়েছেন। বসেছে বাজি বাজার।

ভুটানের থিস্পুর চঙ্গলিমিথাঙ স্টেডিয়ামে গতকাল এএফসি চ্যালেঞ্জ লীগে গ্রুপ পর্বের ম্যাচে ইস্টবেঙ্গল ৪-০ গোলে বাংলাদেশের বসুন্ধরা কিংসকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গলের পক্ষে দিয়ামানতাকোস , সৌভিক চক্রবর্তী, নন্দ কুমার সেকার, আনোয়ার আলি গোল করেছেন। নয় ম্যাচ পর ইস্টবেঙ্গল জয় পেল।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে বাংলা ও কেরলের মধ্যে চারদিনের রঞ্জি ট্রফির ম্যাচটি গতকাল অমীমাংসিতভাবে শেষ হয়েছে। কেরল ৯ উইকেটে ৩৫৬ রান তুলে প্রথম ইনিংসের সমাপ্তি ঘোষণা করে। ঈশান পোরেল ছয়টি উইকেট নিয়েছেন। এরপর বাংলা তিন উইকেটে ১৮১ রান করে। শুভন দে ৬৭, সুদীপ চ্যাটার্জী ৫৭ রান করেছে। গ্রুপ সি-তে তিন ম্যাচে ৫ পয়েন্ট সংগ্রহ করে চতুর্থ স্থানে আছে। বাংলা পরবর্তী ম্যাচে বেঙ্গালুরুতে কর্ণাটকের মুখোমুখি হবে। খেলা শুরু হবে ৬ই নভেম্বর।

মুরগির মাংসের চাহিদা মেটাতে রাজ্যে অত্যাধুনিক মানের উৎপাদন ও প্রক্রিয়াকরণ কেন্দ্র তৈরি করা হচ্ছে। নেদারল্যান্ডস থেকে আনা যন্ত্রপাতিতে সুসজ্জিত প্রায় ৭২ কোটি টাকা ব্যয়ে নদিয়ার কল্যাণীতে এই প্রক্রিয়াকরণ কেন্দ্রটি তৈরি করা হচ্ছে বলে রাজ্যের প্রাণিসম্পদ বিকাশ দফতর সূত্রে জানা গেছে। ২০২৫ সালের জুন মাসের মধ্যেই এই কারখানা তৈরি হয়ে যাবে। রাজ্যের বিভিন্ন প্রান্তে থাকা হরিণঘাটা মিটের বিপণি থেকে উন্নত গুণমানের এই মাংস বিক্রি করা হবে। বর্তমানে রাজ্য সরকারের হাতে মোট দু'টি মুরগির মাংস প্রক্রিয়াকরণের কেন্দ্র রয়েছে। প্রতিটিতে রোজ গড়ে ১৫ হাজার মুরগির মাংস প্রক্রিয়াজাত করে বিক্রির জন্য তৈরি করা হয়। সেখানে নতুন কেন্দ্রটি তৈরি হলে সেখানে প্রতিদিন গড়ে ৩০ হাজার মুরগির মাংস প্রক্রিয়া করা যাবে। এর ফলে রাজ্য মুরগির মাংসের জোগান অনেকটাই বাঢ়বে বলে মনে করা হচ্ছে। রাজ্যের বাইরেও প্রসেসড চিকেন পাঠানোর পরিকল্পনা নিয়েছে রাজ্য প্রাণিসম্পদ উন্নয়ন দফতর।

ঘূর্ণিঝড় দানার প্রভাবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্ঘটনার মধ্যে রাজ্যে ৯ লক্ষেরও বেশি কৃষক ক্ষতিগ্রস্ত হয়েছেন। শস্য বীমা প্রকল্পের আওতায় তাদের সকলকেই ক্ষতিপূরণ দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী সিদ্ধান্ত নিয়েছেন। তিনি গতকাল নবান্নে কৃষি এবং পঞ্চায়েত দফতরের সঙ্গে বৈঠকে ঘূর্ণিঝড়ের ক্ষয়ক্ষতি এবং আবাস যোজনার সমীক্ষার অগ্রগতি নিয়ে পর্যবেক্ষণ করেন। বৈঠকের পর কৃষিমন্ত্রী শোভনদেব

চট্টোপাধ্যায় বলেন, পুজোর আগে ডিভিসির ছাড়া জলে বানভাসি এলাকা এবং সাম্প্রতিক ঘূর্ণিঝড়জনিত দুর্ঘোগে ক্ষতিগ্রস্তদের তালিকা তৈরীর কাজ এখনো চলছে।

এপর্যন্ত ৬১ লক্ষ ৫৫ হাজার কৃষক ক্ষতিপূরণের জন্য আবেদন জানিয়েছেন। সাম্প্রতিক দুর্ঘোগ নিয়ে করা সমীক্ষা অনুযায়ী, এ পর্যন্ত ৯ লক্ষ ৩ হাজার ৫৪৩ জন ক্ষতিগ্রস্ত কৃষকের সন্ধান পাওয়া গিয়েছে। সমীক্ষার কাজের গতি নিয়ে উষ্মা প্রকাশ করে মুখ্যমন্ত্রী, আরো দ্রুত তা শেষ করার নির্দেশ দেন।
